



# ইসলামিক ফাউন্ডেশন

প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান  
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

## পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) ১৪৪০ হিজরি উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত পক্ষকালব্যাপী অনুষ্ঠানমালা শুরু

ঢাকা, ২০ নভেম্বর ২০১৮, মঙ্গলবার ॥

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) ১৪৪০ হিজরি উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত পক্ষকালব্যাপী অনুষ্ঠানমালা শুরু হয়েছে। আজ সন্ধ্যায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) ১৪৪০ হিজরি উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত ১৫ দিনব্যাপী অনুষ্ঠানমালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন ধর্মসচিব মোঃ আনিছুর রহমান।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ধর্ম সচিব মোঃ আনিছুর রহমান বলেন, মহানবী (সা) এর জীবনের বিভিন্ন দিক চর্চার মাধ্যমে নিজেদের জীবনকে সাফল্যমন্ডিত করতে হবে। এছাড়া বেশি করে নবীজীর জীবনীগ্রন্থ পাঠ করারও পরামর্শ দেন তিনি। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নুরুল ইসলাম। সভাপতির বক্তব্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) অনুষ্ঠানের উদ্বোধন করেন। এছাড়া ঈদে মিলাদুন্নবী (সা.) এর গুরুত্ব ও তাৎপর্যের উপর আলোচনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মাওলানা মুফতী মিজানুর রহমান।

অন্যদিকে এর আগে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদের দক্ষিণ চত্বরে আয়োজিত মাসব্যাপী ইসলামী বইমেলা ও ইসলামি ক্যালিগ্রাফী প্রদর্শনীর উদ্বোধন করেন ধর্মসচিব মোঃ আনিছুর রহমান। অনুষ্ঠান শেষে মিলাদ ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মাওলানা মুফতী মিজানুর রহমান। পক্ষকালব্যাপী অন্যান্য অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে- ১৫ দিনব্যাপী ওয়াজ ও মিলাদ মাহফিল, বাংলাদেশ বেতারের সাথে যৌথ প্রয়োজনায় সপ্তাহব্যাপী সেমিনার, ইসলামী ক্যালিগ্রাফি, মহানবী (সা) এর জীবনীভিত্তিক পোস্টার ও গ্রন্থ প্রদর্শনী, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও সমমানের মাদ্রাসার ছাত্র-ছাত্রী এবং অটিস্টিক ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের মধ্যে ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা, জাতীয় দৈনিক পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ, 'পবিত্র ঈদে মিলাদুন্নবী সা. স্মরণিকা' প্রকাশ, রাসূল (সা) এর শানে স্বরচিত কবিতা পাঠের মাহফিল এবং কিরআত ও হামদ-না'ত মাহফিল।

(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬